**AKASHVANI SILCHAR**

**REGIONAL NEWS UNIT**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**DATE: 26 May 2025** **TIME: 7:35 AM**

---

বর্তমানে সমগ্র দেশ সন্ত্রাসবাদের বিরুদ্ধে ঐক্যবদ্ধভাবে একজোট হয়ে রয়েছে এবং সন্ত্রাসবাদের অবসান ঘটানোর জন্য সবাই বদ্ধপরিকর । গতকাল আকাশবাণীর মন-কি-বাত অনুষ্ঠানে অংশ নিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী অপারেশন সিন্দুর সমগ্র বিশ্বের সন্ত্রাসবাদ বিরোধী যুদ্ধে অংশ নেওয়া লোকেদের আত্মবিশ্বাস বৃদ্ধি করেছে বলে উল্লেখ করে এই অভিযানের সময় দেশের সশস্ত্র বাহিনীগুলির প্রদর্শন করা সাহসিকতার প্রশংসা করেন । সীমান্তের ওপারের সন্ত্রাসবাদীদের ঘাটিগুলির স্থির লক্ষ্যে আঘাত করে ধ্বংস করা সুনিদৃষ্ট অভিযানের প্রশংসা করেন ।

দেশের বিভিন্ন মহানগর সহ ছোট ছোট শহর ও গ্রামগুলিতেও ত্রিরঙ্গা যাত্রার আয়োজন করার প্রসঙ্গ উত্থাপন করে প্রধানমন্ত্রী বলেন যে সশস্ত্রবাহিনীর সম্মানার্থে হাজার হাজার লোক ত্রিরঙ্গা পতাকা নিয়ে রাজপথে বেরিয়ে এসেছে । সিন্দুর অভিযানে সেনাবাহিনীর স্থানীয়ভাবে নির্মীত অস্ত্র এবং প্রযুক্তি ব্যবহার করার প্রসঙ্গ উল্লেখ করে প্রধানমন্ত্রী আত্মনির্ভর ভারত অভিযানের কথা স্মরণ করেন ।

ভোকেল ফর লোকেল প্রসঙ্গ উল্লেখ করে তিনি সন্তানদের খেলাধুলার জন্য শুধুমাত্র ভারতে তৈরী পুতুল দেওয়ার জন্য বহু অভিবাবকের গ্রহণ করা সংকল্প

, বিবাহের অনুষ্ঠান , ভ্রমণ দেশের ভিতরে সীমাবদ্ধ রাখা এবং স্থানীয় শিল্পীর দ্বারা তৈরী সামগ্রী উপহার হিসেবে প্রদান করার সিদ্ধান্তের প্রশংসা করেন ।

---

আগামী ২১শে জুন অনুষ্ঠেয় আর্ন্তজাতিক যোগ দিবসের প্রসঙ্গ উত্থাপন করে প্রধানমন্ত্রী যোগ দিবসের অনুষ্ঠানের মাধ্যমে জনসাধারণকে তাদের দৈনন্দিন জীবনযাত্রার সঙ্গে যোগকে একাত্ম করে নেওয়ার আহ্বান জানান ।

---

উত্তর-পূর্ব সীমান্ত রেলের রেলওয়ে সুরক্ষা বাহিনী বিশেষ অভিযান চালিয়ে চলতি বছরের এপ্রিল মাসে ভাংগা ,করিমগঞ্জ , ধর্মনগর এবং আগরতলা রেল ষ্টেশন থেকে ৩২ জন বাংলাদেশী নাগরিক সহ একজন ভারতীয় দালালকে গ্রেপ্তার করেছে । পরবর্তী আইনি ব্যবস্থা গ্রহণের জন্য ধৃত ব্যাক্তিদের সংশ্লিষ্ট জি আর পি আউট পোষ্টে হস্তান্তর করা হয়েছে ।

---

অপারেশন সিন্দুর এবং এর পরবর্তী দিঙ্গুলিতে ভারতীয় সেনাবাহিনীর লাভ করা সাফল্যের বিষয়ে জনসাধারণকে পরিচয় কইর্য়ে দিতে আকাশবাণীর সংবাদ বিভাগ বেশ কিছু অনুষ্ঠান প্রচারের ব্যবস্থা করেছে।এর পরিপ্রেক্ষিতে আমাদের কেন্দ্র থেকেও বরাক উপ্ত্যকার সৈনিক, তাদের পরিবার এবং সমাজের নেতৃস্থানীয় লোকেদের মতামত

প্রচারের প্র্যাস করা হচ্ছে। আজ এই অনুষ্ঠানে অপারেশন সিন্দুর নিয়ে হাইলাকান্দি পুলিশের উপ-অধিক্ষক সুরজিত চৌধুরী আমাদের হাইলাকান্দি সংবাদ দাতাকে জানান ----- বাইট

---

শিলচর জেলা কংগ্রেস কমিটির প্রাক্তন সভাপতি তথা প্রাক্তন সাংসদ  প্রয়াত কর্নেন্দু ভট্টাচার্য্যের আবক্ষ মূর্তি গতকাল শিলচর ইন্দিরা ভবনে উন্মোচন করা হয়েছে ।

এ উপলক্ষ্যে  শিলচর রাজীব ভবনে আয়োজিত এক অনুষ্ঠানে কর্নেন্দু ভট্টাচার্য্যে জীবনের বিভিন্ন দিক নিয়ে প্রাক্তন মন্ত্রী অজিত সিং , অসম প্রদেশ কংগ্রেস কমিটির সাধারন সম্পাদক আনোয়ার হোসেন , জেলা কংগ্রেস সভাপতি অভিজিৎ পাল , আসাম বিধানসভার প্রাক্তন উপাধ্যক্ষ আমিনূল হক লস্কর প্রমূখ বক্তব্য রাখেন ।

---

বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের কাছাড় জেলা সমিতির উদ্যোগে আজ শিলচর বঙ্গভবনে নজরুল জয়ন্তী পালন করা হবে । অনুষ্ঠান বিকেল চারটায় শুরু হবে ।

---

সম্মিলিত লোকমঞ্চের উদ্যোগে আজ শিলচরে ধামাইল দিবস পালন করা হবে। এই উপ্লক্ষ্যে লোকমঞ্চের সহ-

সভাপতি সুপ্রদীপ দত্ত রায়ের পৌরহিত্যে আয়োজিত এক বৈঠকে ধামাইল দিবস পালনের চূড়ান্ত রূপরেখা তৈরী করা হয়। সভায় জানানো হয় যে আজ শিলচর সঙ্গীত মহাবিদ্যালয়ে সকাল ১১ টা থেকে ধামাইল দিবসের কর্মসূচী শুরু করা হবে ।

---

হাইলাকান্দির জেলা আয়ুক্ত এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে জেলায় মার্চ মাসের গন বন্টনের আটা বরাদ্দ করা হয়েছে । বিজ্ঞপ্তীতে জানানো হয়েছে যে প্রায়রিটি হাউস হোল্ড কার্ডধারীদের এক কিলো ৫শ ৬২ গ্রাম করে আটা বন্টন করা হবে ।

---

আমরা বাঙালীর আসাম রাজ্য কমিটির প্রচার সচিব আবুল কালাম বাহার গতকাল সকালে চুড়াইবারী কাঠালতলী দুবাগ গ্রামে শেষ নি:শ্বাস ত্যাগ করেন । তিনি দীর্ঘদিন থেকে ক্যান্সারে আক্রান্ত চিলেন । আবুল কালাম বাহার বরাক উপত্যকার বিভিন্ন সংস্থা সংগঠনের সংগে যুক্ত ছিলেন । তার মৃত্যুতে আমরা বাঙালী আসাম রাজ্য কমিটির সচিব সাধন পুরকায়স্থ গভীর শোক প্রকাশ করেছেন ।এদিকে ত্রিপুরা রাজ্য কমিটির সচিব গৌরাংগ রুদ্রপাল এক শোক বার্তায় তাকে একজন যোদ্ধা বলে অভিহিত করেছেন । কলকাতা থেকে আমরা বাঙালীর কেন্দ্রীয় কমিটির সচিব জ্যোতি বিকাশ সিনহাও মৃত্যুতে গভীর শোক ব্যক্ত করেছেন ।

---